গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৮/০২/২০২৩ খ্রি. |
| সভার সময় | দুপুর ১২.৩০ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, ২০২২-২৩ অর্থবছরের বর্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-০৭ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় অন্তর্ভূক্ত রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি সরকারি সেবা প্রদানের জন্য জনগণের সাথে সরকারের এক ধরণের চুক্তি বা ঘোষণা বা অঙ্গীকার। প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ের নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবাসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ৮ কলামের ছকে হালনাগাদ করে এ কার্যালয়ের ওয়েবপোর্টালের নির্দিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charters) অনুযায়ী এ দপ্তর থেকে সকলে সেবা পাচ্ছে কিনা এবং প্রদত্ত সেবার মানোন্নয়নের বিষয়ে সকলের সুচিন্তিত মতামত তুলে ধরার অনুরোধ করেন।

০২। জেলা প্রশাসক, রাজশাহী'র প্রতিনিধি বলেন যে, সিটিজেনস্ চার্টার ওয়েবসাইটে বা দৃশ্যমান স্থানে প্রদর্শনের ফলে সাধারণ জনগণ সহজেই জানতে পারছেন কোথায় গেলে কোন কাজ করা যাবে এবং কি কি প্রয়োজনীয় কাগজ এবং ফি লাগবে। এর ফলে সরকারি দপ্তরসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে। নির্ধারিত সময়ে সরকার নির্ধারিত খরচে নির্বিঘ্নে সেবা প্রদান নিশ্চিত করাই সেবা প্রদান প্রতিশ্রুতির মূল উদ্দেশ্য। জেলার Citizen Charters নিয়মিত হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে এবং আওতাধীন অফিসের সিটিজেন চার্টার হালনাগাদ করে দৃশ্যমান স্থানে প্রদর্শনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি সুশাসন প্রতিষ্ঠায় সরকারের একটি গুরুত্বপূর্ণ টুলস। সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে প্রচারণার মাধ্যমে জনগণকে আরও সচেতন করতে হবে যাতে সেবা প্রত্যাশীগণ ভোগান্তির শিকার না হন। এ বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক) বলেন যে, সরকারি দপ্তর সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে জনগণকে আরও সচেতন করতে সুশীল সমাজের প্রতিনিধি ও জনপ্রতিনিধিবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

৪। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালিয়া, রাজশাহী বলেন যে, সিটিজেনস্ চার্টারের মাধ্যমে নামজারিসহ অন্যান্য সকল ভূমি সেবার সরকার নির্ধারিত মূল্য দৃশ্যমান স্থানে প্রদশিত হয় । এর ফলে সাধারণ জনগণের ভোগান্তি নিরসন ও দালাল চক্রের দৌরাত্ম্য অনেকাংশে নিমূল করা সম্ভব হয়েছে। এ বিষয়ে সভাপতি দালাল চক্রের শরণাপন্ন না হয়ে সিটিজেনস্ চার্টার দেখে নির্ধারিত মূল্য পরিশোধের মাধ্যমে নির্ধারিত ভূমি সেবা গ্রহণের জন্য সকলের প্রতি আহ্বান জানান।

০৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক), বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রদান পদ্ধতিতে সচ্ছতা এনেছে, সেবা প্রাপ্তি সুলভ ও সহজ করেছে এবং একই সাথে সরকারি সেবা প্রদানকারী দপ্তরের দক্ষতা ও জবাবদিহিতা বৃদ্ধি করেছে। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদানের ক্ষেত্রে আরও আন্তরিক ও দায়িত্বশীল হতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করার জন্য নিয়মিত মনিটরিং করতে হবে। এ কার্যালয়ের আওতাধীন সংস্থা/দপ্তরসমূহের সিটিজেনস্ চার্টার নিয়মিত পরিবীক্ষণ করা হয়। এছাড়া ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেনস্ চার্টার হালনাগাদ করা হয়।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রং নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | সেবা প্রাপ্তি সহজিকরণ, স্বচ্ছ এবং জবাবদিহিতামূলক করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ |
| ০২. | প্রতি অর্থ বছরে সেবা প্রদান বিষয়ে অংশীজনের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | ১।জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা<br>এ কার্যালয় |
| ০৩. | সিটিজেন চার্টারে উল্লিখিত সময় ও খরচের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ |
| ০৪. | প্রতিটি দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charters) হালনাগাদ করে স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ১।জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা<br>এ কার্যালয় |
| ০৫. | ওয়েবসাইটের নির্দিষ্ট সেবাবক্সে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | ১।জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা<br>এ কার্যালয় |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২৩.২৯৮

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) উপ মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী

২) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী

৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী।

৪) পরিচালক(স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী

৫) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৬) অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী

৭) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,রাজশাহী

৮) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী

৯) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

১০) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী

১১) সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী

১২) নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, রাজশাহী

১৩) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী

১৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

১৫) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী

১৬) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

১৭) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী

১৮) উপ-পরিচালক, মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, রাজশাহী

১৯) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী

২০) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ

২১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,পুঠিয়া,রাজশাহী

২২) মেয়র, পাবনা পৌরসভা, পাবনা

২৩) সহকারী কমিশনার (ভূমি), বোয়ালিয়া, রাজশাহী

২৪) বীর মুক্তিযোদ্ধা জনাব মো: নাজিমউদ্দিন, চৌদ্দপাই, ১৮/এ বিনোদপুর বাজার, মতিহার, রাজশাহী

২৫) বীর মুক্তিযোদ্ধা জনাব মো: মোতাহার হোসেন, তালাইমারি, মতিহার, রাজশাহী

২৬) সভাপতি, রাজশাহী প্রেসক্লাব, রাজশাহী

২৭) জনাব আকবারুল হাসান মিল্লাত, সম্পাদক, দৈনিক সোনার দেশ, রাজশাহী

২৮) জনাব মো: আয়নাল হক, সিনিয়র রিপোর্টার, বাংলাদেশ সংবাদ সংস্থা

২৯) সভাপতি, ওয়েব, রাজশাহী

৩০) জনাব মো: মনিরুল হক, এরিয়া কো-অর্ডিনেটর, সি ই টি আইবি, রাজশাহী


৩১) বিভাগীয় সমন্বয়ক, ব্র্যাক, রাজশাহী

৩২) সভাপতি, নাসিব, রাজশাহী

৩৩) সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ, রাজশাহী

৩৪) ম্যানেজার, ইউসেপ, রাজশাহী

৩৫) জনাব মো: মোখতার হোসেন, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী



মোঃ মহিদুল হক
সিনিয়র সহকারী কমিশনার